

## আমতলী-তালতলীর ৬৬ সর. প্রা. স্কুলে প্রধান শিক্ষক শূন্য সহকারী শিক্ষক নেই ৬০ স্কুলে

প্রতিনিধি, আমতলী

বরগনার আমতলী ও তালতলী উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬৬টি প্রধান ও ৬০টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে বিদ্যালয়ের কার্যক্রম ও পাঠদান ব্যাহত হচ্ছে। আমতলী ও তালতলী প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, এ দু'উপজেলায় ২০০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে আমতলী ৫৩টি প্রধান, ৩৮টি সহকারী ও তালতলীতে ১৩টি প্রধান, ২২টি সহকারী শিক্ষকের পদ শূন্য। দীর্ঘদিন প্রধান ও সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় বিদ্যালয়ের কার্যক্রম ও পাঠদান ব্যাহত হচ্ছে। তালতলীর জেডি মনশাতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকসহ পাঁচটি পদ থাকলেও তিনজন সহকারী শিক্ষক রয়েছে। এর মধ্যে একজন প্রধান শিক্ষকের দায়িত্বে থাকায় দু'জন দিয়ে বিদ্যালয়ের পাঠদান চলছে। আমতলী চাউলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চারজন শিক্ষকের ছলে রয়েছে একজন। থাকদান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক আছে দুইজন। এ সকল বিদ্যালয়ে কোন প্রধান শিক্ষক নেই। তালতলী জেডি মনশাতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. মোশাররফ হোসেন জানান শিক্ষক না থাকায় বিদ্যালয়ে পাঠদান ব্যাহত হচ্ছে। চাউলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক স্বাধীয়া সুলতানা জানান এ বিদ্যালয়ে নিয়মিত একজন শিক্ষক রয়েছে। আমাকে ডেপুটিশনে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব দেয়া হয়েছে। শিক্ষক না থাকায় পাঠদান ব্যাহত হচ্ছে। আমতলী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার যোতিশ চন্দ্র শীল জানান, শিক্ষক চেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে লিখিতভাবে জানানো হয়েছে।